বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

নং- ৫৭.১৬.০০০০.০১৩.২৩.০০২.২৪-৬৭১ তারিখ: ১৪ আশ্বিন ১৪৩২ / ২৯ সেপ্টেম্বর ২০২৫

# বিজ্ঞপ্তি

**বিষয়: দাখিল পরীক্ষার বাংলা ও আইসিটি বিষয়ের প্রশ্ন কাঠামো ও নম্বর বিভাজন সংশোধন সংক্রান্ত**

সূত্র: ৩৭.০৬.০০০০.০০০.৪০২.৭১.০০৬৮.০২.৩২, তারিখ: ২২ সেপ্টেম্বর, ২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬ সাল থেকে অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষার বাংলা ও আইসিটি বিষয়ের প্রশ্ন কাঠামো এবং নম্বর বিভাজন এনসিটিবি কর্তৃক সংশোধন করা হয়েছে। এনসিটিবি কর্তৃক সংশোধিত প্রশ্নকাঠামো এবং নম্বর বিভাজন সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় কার্যার্থে প্রকাশ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হলো।

২৯/৯/২৫

প্রফেসর এফ এম শাকিরুল্লাহ
প্রকাশনা নিয়ন্ত্রক
ফোন: ০২-৯৬১১৫৪০
ই-মেইল: conpub@bmeb.gov.bd

সুপার/অধ্যক্ষ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা

নং- ৫৭.১৬.০০০০.০১৩.২৩.০০২.২৪-৬৭১ তারিখ: ১৪ আশ্বিন ১৪৩২ / ২৯ সেপ্টেম্বর ২০২৫

বিতরণ-জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা;
২. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. পিওটু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা;
৪. অফিস কপি।

29.09.25

(ড. মোহাম্মদ হেদায়েত উল্লাহ)
কারিকুলাম বিশেষজ্ঞ
ফোন: ০২-৯৬১৫৫৭৬
ই-মেইল: curriculum@bmeb.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.nctb.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৬.০০০০.০০০.৪০২.৭১.০০৬৮.০২.৩২

তারিখ: ৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: দাখিল পরীক্ষার বাংলা, ও আইসিটি বিষয়ের প্রশ্ন কাঠামো ও নম্বর বিভাজন সংশোধন সংক্রান্ত।**

সূত্র: ১. ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০০২.২১.১১\২৫৯০ তাং ২১.৪.২০২৫
২. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড আশিবো/প্রশা/২০১০/১২৬: ১৪/০৯/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৬ সাল থেকে অনুষ্ঠিতব্য এসএসসি ও সমমান পরীক্ষার বাংলা,আইসিটি বিষয়ের প্রশ্ন কাঠামো এবং নম্বর বিভাজন নিম্নোক্তভাবে সংশোধন করা হয়েছে:

১. বাংলা ১ম পত্রের (কোড- ১৩৪ ) এর রচনা মূলক অংশের বর্ণনামূলক প্রশ্নের পরিবর্তে সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন হবে।
২. বাংলা ২য় পত্র (কোড- ১৩৫) বিষয়ের বিদ্যমান প্রশ্ন-কাঠামো এবং নম্বর বিভাজন সংক্রান্ত নির্দেশনাবলীর রচনামূলক অংশের অনুবাদের অংশটি বাদ দেওয়া হলো। অনুবাদের জন্য বরাদ্দকৃত ১০ নম্বর সংবাদ প্রতিবেদনের জন্য বরাদ্দ করা হলো।
২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের বিদ্যমান প্রশ্ন-কাঠামো এবং নম্বর বিভাজন থেকে সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন বাদ দেওয়া হলো। সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের ১০ নম্বর পূর্বের বহুনির্বাচনি অংশের ১৫ নম্বরের সাথে যুক্ত করে মোট ২৫ নম্বর বহুনির্বাচনি প্রশ্নের জন্য বরাদ্দ করা হলো।

উল্লেখিত বিষয়সমূহের সংশোধিত প্রশ্ন-কাঠামো এবং নম্বর বিভাজন পরবর্তী কার্যার্থে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

২২-০৯-২০২৫
রবিউল কবির চৌধুরী
চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।

স্মারক নম্বর: ৩৭.০৬.০০০০.০০০.৪০২.৭১.০০৬৮.০২.৩২/১ (৪)

তারিখ: ৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।।
৪। সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ( ওয়েবসাইটে আপলোডের জন্য)।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

# দাখিল পরীক্ষার বাংলা ১ম ও ২য় পত্র, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের সংশোধিত প্রশ্ন-কাঠামো ও নম্বর বিভাজন

**(২০২৬ সালের দাখিল পরীক্ষা থেকে কার্যকর)**

| ক্রম | বিষয় | পূর্ণনম্বর | প্রশ্নের ধরন ও নম্বর বিভাজন |
|---|---|---|---|
| ১. | বাংলা প্রথম পত্র<br>(১৩৪) | ১০০ | ✓ সৃজনশীল প্রশ্নের জন্য ৫০ নম্বর, সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের জন্য ২০ নম্বর এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ৩০ নম্বর বরাদ্দ।<br>✓ প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০, প্রতিটি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্নের নম্বর ২ এবং প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১।<br><br>**সৃজনশীল প্রশ্ন:**<br>✓ গদ্য থেকে ৪টি, কবিতা থেকে ৪টি করে মোট ৮টি সৃজনশীল প্রশ্ন থাকবে।<br>✓ গদ্য ও কবিতা থেকে কমপক্ষে ২টি করে মোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br><br>**সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন:**<br>✓গদ্য থেকে ৮টি, কবিতা থেকে ৭ টি করে মোট ১৫টি সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন থাকবে। যেকোন ১০টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br><br>**বহুনির্বাচনি প্রশ্ন:**<br>✓ গদ্য থেকে ১৫টি এবং কবিতা থেকে ১৫টি করে মোট ৩০টি প্রশ্ন থাকবে।<br>✓ সকল প্রশ্নের উত্তর দিতে হবে। |
| ১. | বাংলা দ্বিতীয় পত্র<br>(১৩৫) | ১০০ | রচনামূলক অংশের জন্য ৭০ নম্বর এবং বহুনির্বাচনি অংশের জন্য ৩০ নম্বর বরাদ্দ আছে।<br><br>**রচনামূলক অংশ:**<br>✓ অনুচ্ছেদ রচনা: (২টি থেকে ১টি) : ১০ নম্বর<br>✓ চিঠিপত্র (২টির মধ্য হতে ১টি) : ১০ নম্বর<br>✓ সারাংশ বা সারমর্ম (২টি থেকে ১টি) : ১০ নম্বর<br>✓ ভাবসম্প্রসারণ (২টি থেকে ১টি) : ১০ নম্বর<br>✓ সংবাদ প্রতিবেদন (২টি থেকে ১টি ) : ১০ নম্বর<br>✓ প্রবন্ধ/রচনা (৩টি বর্ণনামূলক রচনা থেকে ১টি) : ২০ নম্বর<br><br>**বহুনির্বাচনি প্রশ্ন:** (ব্যাকরণ এবং নির্মিতি অংশের বাগধারা, বাক্য সংকোচন ও প্রবাদ-প্রবচন)<br>✓ ৩০টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের নম্বর ১<br>✓ সব কয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। |
| ২. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ৫০ | তত্ত্বীয় অংশের জন্য ২৫ নম্বর এবং ব্যাবহারিক অংশের জন্য ২৫ নম্বর বরাদ্দ আছে।<br>**তত্ত্বীয় অংশ**<br>● ২৫টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে।<br>✓ সবকয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।<br>✓ প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১ নম্বর।<br>**ব্যাবহারিক অংশ**<br>● যন্ত্র/উপকরণ সংযোজন ও ব্যবহার/ প্রক্রিয়া অনুসরণ/উপাত্ত সংগ্রহ ও প্রক্রিয়াকরণ/অঙ্কন/ পর্যবেক্ষণ/ শনাক্তকরণ/অনুশীলন : ১৫ নম্বর |

22.09.25

| | | | |
|---|---|---|---|
| | | | • প্রতিবেদন প্রণয়ন: ৫ নম্বর<br>• মৌখিক অভীক্ষা: ৫ নম্বর<br>**ব্যাবহারিক অংশের জন্য নির্দেশনা**<br>• শিক্ষাক্রমে বর্ণিত ব্যাবহারিক কাজসমূহ শিক্ষা প্রতিষ্ঠানগুলো সম্পন্ন করবে। প্রয়োজনে শিক্ষাবোর্ড ব্যাবহারিক কাজের একটি তালিকা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রেরণ করতে পারে।<br>• সম্পন্ন ব্যাবহারিক কাজের মধ্যে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ০৩টি ব্যাবহারিক কাজের নম্বর গড় করতে হবে।<br>• ব্যাবহারিক কাজের প্রাপ্ত গড় নম্বর শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ শিক্ষার্থীর নিবন্ধন নম্বর অনুযায়ী সংরক্ষণ করবেন।<br><br>শিক্ষাবোর্ডের নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থীদের প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডে প্রেরণ করবে। |

22.09.25